ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১১০ ● কলকাতা ● ১০ বৈশাখ, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ২৪ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## পহেলগাঁও হামলায় মৃত বেড়ে ২৬, মাথায় বন্দুক ধরে জঙ্গিরা বলল, 'যাও মোদিকে বলো'



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

স্বামীকে আগেই মেরেছে জঙ্গিরা। 'আমাকেও মারো', চিৎকার করে উঠেছিলেন মহিলা। কিন্তু তাঁকে না মেরে মাথায় বন্দুক ঠেকিয়ে ক্রুর স্বরে জঙ্গিরা বলল, 'তোমাকে মারব না। তোমার স্বামীকে মেরেছি। যাও গিয়ে মোদিকে বলো।' বিভীষিকার কথা বলতে বলতে

এরপর ৩ পৃষ্ঠায়


## বাবাকে তাঁবুর বাইরে আসতে বলল.. তিনটে গুলি', জঙ্গিদের মুখে ছিল মোদীর প্রতি তিরস্কার!



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

সবুজ ঘেরা কাশ্মীরের পহেলগাঁওয়ের নৈস্বর্গিক সৌন্দর্য তখন উপভোগ করছিলেন পর্যটকরা। আচমকাই গুলির শব্দ। প্রাণ ভয়ে চিৎকার, ছুটে পালাতে শুরু করলেন অনেকে। অনেকে বুঝ উঠতে পারছিলেন না, কী ঘটছে। কাশ্মীরের প্রকৃতির রূপসী ক্যানভাসের মধ্যে ছিটকে এল রক্তের দাগ! নিমেষে জঙ্গিদের গুলিতে মৃত্যুর কোলে ঢলে পড়তে শুরু করলেন অনেকে।উত্তর প্রদেশের কানপুরের শুভম দিবেদী এই জঙ্গি হানায় মৃত্যুর কোলে মঙ্গলবার ঢোলে পড়েন। সদ্য বিয়ে হয়েছিব শুভমের। ফেব্রুয়ারিতে বিয়ে হয়েছিল তাঁদের। শুভমের আত্মীয় সৌরভ বলছেন,' বৌদি আমার কাকাকে ফোন করেছিলেন, জানিয়েছেন শুভম মারা গিয়েছেন। বলেছেন, গুলি চালনার আগে নাম জানতে চাওয়া হয়েছিল। আমরা খবর পেয়েছি ২-৩দিনের মধ্যে সব প্রক্রিয়া সম্পন্ন করে দেহ

এরপর ৩ পাতায়






# সচেতন বিএসএফ জওয়ানদের বড় সাফল্য: আন্তর্জাতিক সীমান্তে অস্ত্র চোরাচালান ব্যর্থ ৩টি পিস্তল, ৬টি ম্যাগাজিন এবং ১৩ রাউন্ড গুলি উদ্ধার

**মালদা, ২৩ এপ্রিল ২০২৫**

২২ এপ্রিল ২০২৫ তারিখে, পশ্চিমবঙ্গের মালদা জেলার ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে বিএসএফের ১১৯ ব্যাটালিয়নের বর্ডার আউটপোস্ট নওয়াদার জওয়ানরা সীমান্ত পেরিয়ে অস্ত্র চোরাচালানের চেষ্টা সফলভাবে ব্যর্থ করে দেন। চোরাকারবারীরা ভারত থেকে বাংলাদেশে অবৈধভাবে এই অস্ত্রগুলো নিয়ে যাওয়ার চেষ্টা করলে তারা ৩টি পিস্তল, ৬টি ম্যাগাজিন এবং ১৩ রাউন্ড গুলি উদ্ধার করে।

উল্লেখ্য, গতকাল সন্ধ্যা ৭টার দিকে ভারত থেকে আন্তর্জাতিক সীমান্তের দিকে যাওয়ার চেষ্টাকারী দুই চোরাকারবারীর সন্দেহজনক কার্যকলাপ দেখতে পান বর্ডার আউটপোস্ট নওয়াদার জওয়ানরা। জওয়ানরা তাৎক্ষণিকভাবে তাদের সহকর্মীদের সতর্ক করে চোরাকারবারীদের সতর্ক করে তাদের দিকে দৌড়ে যান। বিএসএফ জওয়ানদের দ্বারা নিজেদের ঘিরে থাকতে দেখে চোরাকারবারীরা আতঙ্কিত হয়ে ভারতীয় ভূখণ্ডের দিকে দৌড়াতে শুরু করে। বিএসএফ জওয়ানরা দ্রুত পাচারকারীদের ধাওয়া করে কিন্তু দৃশ্যমানতা কম থাকার সুযোগ নিয়ে তারা পালিয়ে যেতে সক্ষম হয়। এরপর এলাকায় তীব্র তল্লাশি অভিযান চালানো হয়। তল্লাশির সময় ঘটনাস্থল থেকে একটি ব্যাগ পাওয়া যায় যা থেকে ৩টি পিস্তল, ৬টি ম্যাগাজিন এবং ১৩ রাউন্ড গুলি উদ্ধার করা হয়।

জব্দকৃত অস্ত্র, ম্যাগাজিন এবং রাউন্ড গুলি পরবর্তী আইনি ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের কাছে হস্তান্তর করা হয়েছে।

বিএসএফ দক্ষিণবঙ্গ সীমান্তের জনসংযোগ কর্মকর্তা জওয়ানদের এই সাফল্যে আনন্দ প্রকাশ করে বলেন যে সীমান্তের নিরাপত্তায় দৃঢ়তার সাথে বিএসএফ জওয়ানরা তাদের কর্তব্য পালনে অবিচল রয়েছেন। তিনি আরও বলেন যে কর্তব্যরত জওয়ানদের সতর্কতার কারণেই এই ধরণের চোরাচালান বন্ধ করা সম্ভব হয়েছে। তিনি বলেন যে জব্দকৃত অস্ত্র এবং পাচারের চেষ্টার সাথে জড়িত অপরাধীদের খুঁজে বের করার জন্য আরও তদন্ত চলছে।

## কেন্দ্র বাংলায় মমতা সরকারকে অস্থিতিশীল করার চেষ্টা করছে: ঝা



**নয়াদিল্লি, ২২ এপ্রিল ২০২৫ (এজেন্সি)**

পশ্চিমবঙ্গ তৃণমূল কংগ্রেস যুব ইউনিটের সাধারণ সম্পাদক অশোক ঝা আজ অভিযোগ করেছেন যে কেন্দ্রের বিজেপি সরকার পশ্চিমবঙ্গের জনপ্রিয় মমতা বন্দ্যোপাধ্যায় সরকারকে অস্থিতিশীল করার চেষ্টা করছে, যা গণতন্ত্রের জন্য ভালো নয়।

গান্ধী পিস ফাউন্ডেশনে এক সভায় মিঃ ঝা এই অভিযোগ করেন। তাকে জিজ্ঞাসা করা হয়েছিল যে মুর্শিদাবাদের ঘটনা মমতা সরকারের জন্য কলঙ্ক বয়ে এনেছে। তিনি অভিযোগ করেন যে বিজেপি

এরপর ৬ পাতায়

# পহেলগাঁও হামলায় নিহত পরিবারের পাশে কলকাতার মেয়র

**শুভ ঘোষ : কলকাতা**

গতকাল শ্রীনগর পহেলগাঁও হামলায় নিহত হয়েছেন দক্ষিণ ২৪ পরগনা জেলা বেহালা সখেরবাজারের বাসিন্দা সমীর গুহ।পেশায় তিনি ছিলেন সাবঅর্ডিনেট স্যাটিসটিক্যাল সার্ভস নামে এক সংস্থার স্ট্যাটেসটিক্যাল অফিসার। গত ১৬ এপ্রিল সমীরবাবু তাঁর স্ত্রী শর্বরী গুহ ও তার মেয়ে শুভাঙ্গীকে নিয়ে কাশ্মীর বেড়াতে যান। তাদের ফিরে আসার কথা ছিলো বৃহস্পতিবার। কিন্তু তার আগেই ওই মর্মান্তিক ঘটনা ঘটে। গতকাল রাতে সমীর বাবু মৃত্যুর খবর আসে বাড়িতে তাঁর সালা বাবুর কাছে ওনারা ১৬ মে গিয়েছিলেন। আজ ফেরার



কথা ছিল।গতকাল রাত তিনটে নাগাদ ওদের ড্রাইভার আমাদের খবর দেন।খুব কম কথা হয়েছে পরিবারের দিদি ও ভাগ্নির সঙ্গে। ওরা ফিরার তার পরে কথা হবে। বলে জানান রাজ্য সরকারের পক্ষ থেকে কলকাতা কর্পোরেশনের মেয়র মহাশয় এছাড়া বেহালার পূর্ব এমএলএ রত্না চ্যাটার্জী এছাড়া তৃণমূল দলের প্রতিনিধিরা উপস্থিত হন সমবেদনা জানানোর জন্য। এছাড়া আশ্বাস দেন আগামীদিনে পাশে থাকার।







(১ম পাতার পর)

# বাবাকে তাঁবুর বাইরে আসতে বলল.. তিনটে গুলি', জঙ্গিদের মুখে ছিল মোদীর প্রতি তিরস্কার!

ফেরানো হবে।'বহুজন আহত। এমনই ভয়াবহ পরিস্থিতি তৈরি হয়েছিল মঙ্গলবার পহেলগাঁওয়ের বইসরনে। প্রত্যক্ষদর্শীরা জানাচ্ছেন সেই দুপুরে জঙ্গি তাণ্ডবের নৃশংসতার কথা।

পুনের ব্যবসায়ী ৫৪ বছর বয়সী সন্তোষ জগদলে তাঁর পরিবারকে নিয়ে মঙ্গলবার পহেলগাঁওতে ছুটির মেজাজে আনন্দ উপভোগ করছিলেন। ঠিক তখনই কী ঘটল? চোখের সামনে বাবাকে জঙ্গিদের গুলি করে খুন করার দৃশ্য ভুলতে পারছেন না সন্তোষের ২৬ বছর বয়সী মেয়ে আশাবরী। তিনি বলছেন, তাঁর বাবাকে কিছু একটা পড়তে দিয়েছিল জঙ্গিরা। তিনি তা পড়তে না পারায় তিনটি গুলি করা হয়, গুলি লাগে মাথায়, কানের পিছনে, পিঠে। বইসরনের 'মিনি সুইৎজারল্যান্ড' নামের জায়গায় সেদিন আরও অনেকের মতোই গিয়েছিল জগদলে পরিবার। বাবা, কাকার সঙ্গে আনন্দে মেতে ছিল আশাবরীও। তারপর চোখের সামনে বাবা, কাকার খুন। কী ঘটেছিল? আশাবরী বলছেন,' আমরা পাঁচ জনের একটি দল ছিলাম, আমার বাবা-মা সহ। আমরা পাহেলগাঁওয়ের কাছে বইসরান উপত্যকায় ছিলাম এবং যখন গুলি শুরু হয়েছিল তখন মিনি সুইজারল্যান্ড নামক একটি স্থানে ছিলাম।' তিনি বলছেন,'আমরা তৎক্ষণাৎ কাছের একটি তাঁবুতে সুরক্ষার জন্য ছুটে গেলাম। আরও ছয় থেকে সাতজন (পর্যটক)ও সেখানে উপস্থিত হলেন। গুলিবর্ষণের হাত থেকে রক্ষা পেতে আমরা সবাই মাটিতে শুয়ে পড়লাম, যা তখন আমরা ধরে নিলাম সন্ত্রাসী এবং নিরাপত্তা কর্মীদের মধ্যে গুলিবর্ষণ হয়েছে।' এরপর? আশাবরী বলছেন,' তারপর তারা আমাদের তাঁবুতে এসে আমার বাবাকে বাইরে আসতে বলল।' তাঁর বাবার হত্যার পর তাঁর কাকার দিকে এগোয় জঙ্গিরা। আশাবরী বলছেন,'আমার কাকা আমার পাশেই ছিলেন। সন্ত্রাসীরা তখন তাঁকে লক্ষ্য করে চার থেকে পাঁচটি গুলি চালায়। তারা ঘটনাস্থলে থাকা আরও কয়েকজনকে গুলি করে। সাহায্য করার জন্য কেউ ছিল না।' তিনি বলছেন,জঙ্গিরা মোদীকে তিরস্কারও করেছিল। জঙ্গিরা মানতে চায়নি যে তারা নিরীহদের হত্যা করে, সেই সূত্রেই এই বক্তব্য আসে।

## ব্রাহ্মণ সন্তান হয়েও গড়গড় করে পড়ে গেলেন কলেমা, প্রাণে বাঁচলেন অসমের অধ্যাপক

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মঙ্গলবার জম্মু ও কাশ্মীরের পহেলগাঁওয়ের বৈসরন ভ্যালিতে গুলি চলেছে পর্যটকদের উপর। গুলি চালিয়েছে সন্ত্রাসবাদীরা। নক্কারজনক সেই হামলার পর প্রত্যক্ষদর্শীরা ভয়ানক অভিজ্ঞতার বর্ণনা দিয়েছেন। অসম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক দেবাশীষ ভট্টাচার্য সন্ত্রাসী হামলার সময় কীভাবে মৃত্যুর হাত থেকে বেঁচে ফিরেছেন, বর্ণনা করেছেন নিজে।পহেলগাঁও সন্ত্রাসী হামলায় কমপক্ষে ২৮ জন পর্যটক প্রাণ হারিয়েছেন। পাকিস্তান-ভিত্তিক লস্কর-ই-তৈবা (এলইটি) সন্ত্রাসী গোষ্ঠীর শাখা দ্য রেজিস্ট্যান্স ফোর্স (টিআরএফ) এই হামলার দায় স্বীকার করেছে। আধুনিক সামরিক সরঞ্জামধারী পাঁচ থেকে ছয়জন সন্ত্রাসী এই হামলা চালায়। সন্ত্রাসীরা হিন্দুদের পরিচয় জেনে তারপর তাঁদের গুলি করে হত্যা

এরপর ৪ পাতায়

(১ম পাতার পর)

# পহেলগাঁও হামলায় মৃত বেড়ে ২৬, মাথায় বন্দুক ধরে জঙ্গিরা বলল, 'যাও মোদিকে বলো'

কেঁদে ফেললেন মহিলা। একটি নয়, পহেলগাঁও হামলার পর এমন বেশ কয়েকটি ভিডিও সোশাল মিডিয়ায় ঘুরছে।পুলওয়ামার পর এটাই ভারতের বুকে ঘটে যাওয়া সবচেয়ে বড় জঙ্গি হামলা। অন্তত মৃতের সংখ্যার নিরিখে। পুলওয়ামা যেমন গোটা ভারতকে নাড়িয়ে দিয়েছিল, এই ঘটনার ভয়াবহতাও কোনও অংশে কম নয়। এই ঘটনার তদন্ত কোন পথে এগোয়, আপাতত নজর সেদিকে। সূত্রের খবর, শ্রীনগর পৌঁছেই সেনা আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন শাহ। এই মুহূর্তে পহেলগাঁওয়ের পরিস্থিতি কী? কীভাবে হামলা হল? গোয়েন্দা সূত্রে কোনও খবর ছিল কিনা, সবটাই জানতে চাইবেন তিনি। ইতিমধ্যেই হামলার দায় স্বীকার করেছে লস্করের টিআরএফ বা দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট। এটি লস্করের ছায়া সংগঠন। এই সংগঠন মূলত বিদ্রোহী স্থানীয়দের ব্রেনওয়াশ করে জঙ্গি হিসাবে নিয়োগ করে। প্রশ্ন হচ্ছে, যে জঙ্গিরা হামলা চালিয়েছিল তারা স্থানীয় নাকি সীমান্তের ওপার থেকে আসা?

আরও একটি গুরুত্বপূর্ণ সমস্যা হল যে পর্যটকরা নিহত হয়েছেন, তাঁদের শনাক্তকরণ। দেহগুলি সঠিক ঠিকানায় পৌঁছে দেওয়া। সূত্রের দাবি, মৃতদের মধ্যে দুজন বিদেশি পর্যটকও রয়েছেন। সবটাই সরেজমিনে খতিয়ে দেখবেন স্বরাষ্ট্রমন্ত্রী। কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লার সঙ্গেও তিনি বৈঠক করতে পারেন।সেই কান্না, হাহাকার আর নৃশংসতা, যে কোনও সুস্থ ব্যক্তিকে বিচলিত করে দিতে বাধ্য।

বেসরকারি হিসাব বলছে, পহেলগাঁও হামলায় অন্তত ২৬ জনের মৃত্যু হয়েছে। সংখ্যাটা আরও বাড়তে পারে। এখনও বেশ কয়েকজন হাসপাতালে ভর্তি। পহেলগাঁওয়ে রীতিমতো ধর্মীয় পরিচয় দেখে দেখে হামলা চালানো হয়েছে বলে দাবি প্রত্যক্ষদর্শীদের। স্থানীয় সূত্রের দাবি, জঙ্গিরা এসেছিল সেনার পোশাক পরে। সব মিলিয়ে ৪০ রাউন্ড গুলি চলেছে। মূলত আক্রমণ করা হয় অমুসলিমদের। ঘটনায় রীতিমতো তছনছ হয়ে গিয়েছে পেহেলগাঁওয়ের ওই বিখ্যাত রিসর্টটি। গোটা পরিস্থিতি নিয়েই উদ্বেগ বাড়ছে। নজর রাখছেন খোদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ফোন করে অমিত শাহকে দ্রুত কাশ্মীরে যাওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। শাহ ইতিমধ্যেই শ্রীনগর রওনা দিয়েছেন। কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লাহ-ও পুরো ঘটনাতে স্তম্ভিত। তিনি বলছেন, "সাম্প্রতিক সময়ে কাশ্মীরে সাধারণ নাগরিক বা পর্যটকদের উপর এত ভয়াবহ হামলা হয়নি। আমাদের পর্যটকদের উপর এই হামলা কাপুরুষের মতো কাজ। এই হামলাকারীরা অপরাধীরা পশু, অমানবিক। নিন্দার কোনও ভাষা নেই।" আবদুল্লাহ-ও শ্রীনগর থেকে পহেলগাঁওয়ের দিকে রওনা দিয়েছেন।

## সম্পাদকীয়

# কাশ্মীরে হামলার দায় নিল লস্করের 'ছায়াদানব',

রক্তাক্ত ভূস্বর্গ। পহেলগাঁওয়ের সবুজ উপত্যকায় রং এখন টকটকে লাল। ২৬ জন নিরীহ পর্যটকের রক্তের দাগ লেগে লস্করের 'ছায়া দানব' দ্য রেজিস্ট্যান্স ফ্রন্টের জেহাদিদের হাতে। ইতিমধ্যে হামলার দায় স্বীকার করেছে তারা। দীর্ঘমেয়াদি পরিকল্পনা করে, টানা সাতদিন ধরে রেইকি চালিয়ে আঁটঘাট বেঁধে মঙ্গলবার দুপুর আড়াইটে নাগাদ 'রিসর্ট জেহাদ' চালাল 'ছায়াদানব'রা।কাশ্মীর উপত্যকায় লস্করের ও হিজবুলের মতো পাক মদতপুষ্ট জঙ্গি সংগঠনগুলির উপর নজর ছিল সন্ত্রাসবাদী কার্যকলাপে অর্থ জোগানের উপর নজরদারি চালানো সংগঠন ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স-এর (FATF)। ওই আন্তর্জাতিক সংগঠনের ধূসর তালিকায় নাম ছিল পাকিস্তানের। ২০২২ সালে কৌশলে সেই তালিকা থেকে বেরিয়েছে ইসলামাবাদ। তাই আন্তর্জাতিক মঞ্চে নিজের পিঠ বাঁচাতে সন্ত্রাস রপ্তানি করছে তারা। বকলমে টিআরএফ-কে দিয়ে কার্যসিদ্ধি করছে রাওয়ালপিণ্ডি। যেমনটা হল পহেরগাঁওতে।কিন্তু কী এই 'দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট' বা টিআরএফ? তাদের লস্করের 'ছায়া দানব'ই বা বলা হয় কেন?

কাশ্মীরে আইএসআই-র (ISI) ছায়াযুদ্ধকে স্থানীয় বাসিন্দাদের 'বিদ্রোহ' হিসেবে প্রতিষ্ঠিত করার জন্যই মূলত টিআরএফ-কে তৈরি করে পাকিস্তান। এরা মূলত লস্কর-ই-তইবার জেহাদি ছক বাস্তবায়িত করে। ২০১৯ সালের আগস্টে জম্মু ও কাশ্মীরের বিশেষ মর্যাদা বা সংবিধানের ৩৭০ ধারা প্রত্যাহার করে কেন্দ্রের বিজেপি সরকার। যা নিয়ে উপত্যকার বহু মানুষের মধ্যে ক্ষোভ ছিল। তাদের মগজ ধোলাই করেই টিআরএফ তৈরি করে পাক জেহাদি সংগঠনগুলি। যদিও অন্য একটি সূত্রের দাবি, করাচিতে সমাজসেবী সংগঠন হিসেবে তৈরি হয়েছিল 'দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট'। তারাই পরবর্তী সময় কাশ্মীরে জেহাদি কার্যকলাপ চালাচ্ছে। সংগঠনের মাথায় রয়েছে সাজিদ জাট, সাজ্জাদ গুল এবং সালিম রেহমানিরা। সকলেই লস্করের সহযোগী। সোশাল মিডিয়ার উপর ভিত্তি করেই নিজেদের নেটওয়ার্ক বানায় তারা। তবে শুধু লস্কর নয়, তেহরিক-ই-মিলাত ইসলামিয়া এবং ঘাজনাভি হিন্দেরও যোগ রয়েছে তাদের সঙ্গে। পাকিস্তানে বসে জেহাদি হামলার ছক কষা হলে তা কাশ্মীরের মাটিতে বাস্তবায়িত করার দায়িত্বে রয়েছে টিআরএফ। যেমন এদিনের রিসর্টের হামলা।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(সপ্তম পর্ব)





নয়।দেবী লক্ষ্মীর নামের এই বিস্তৃত তালিকা থেকে আপনার পছন্দের নামটি নির্বাচন করুন নবজাতিকার জন্য এবং তাদের জীবনকে আরও সমৃদ্ধ করে তুলতে সাহায্য করুন।এই যুগের হাল-ফ্যাসন দোরস্ত নাম-গুলি সম্পর্কে আরও জানতে পড়ুন এবং নির্বাচন করুন সবচেয়ে সেরা সুন্দর নামটি আপনার ছোট্ট কন্যা-সন্তানটির জন্য।তবে এসব কথা আগেকার লোকেদের মধ্যে প্রচলিত ছিল, আজ আর তেমনি ভাবে নেই। অনেকেই লক্ষ্মী শব্দের অর্থ বিশ্লেষণ করিও না,লক্ষ্মী দেবীর আশীব্বার্দ তার সম্পদ ছাড়া আমাদের জীবন চলতে পারে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

# ব্রাহ্মণ সন্তান হয়েও গড়গড় করে পড়ে গেলেন কলেমা, প্রাণে বাঁচলেন অসমের অধ্যাপক

করে।এক সর্বভারতীয় সংবাদ মাধ্যমকে ওই অধ্যাপক বলেন যে তিনি নিজের জীবন বাঁচানোর জন্য বাধ্য হয়ে কলেমা পাঠ করেছিলেন। সহকারী অধ্যাপক দেবাশীষ ভট্টাচার্যের কথায়, "আমি পরিবারের সদস্যদের সঙ্গে একটি গাছের নীচে শুয়েছিলাম, হঠাৎ চারপাশে গুঞ্জন শুনতে পেলাম। দেখলাম সকলে কালেমা পাঠ করছেন।"

সহকারী অধ্যাপকও প্রাণ বাঁচাতে কলেমা পড়া শুরু করেছিলেন। "কিছুক্ষণ পরে কালো কাপড়ে মুখ ঢাকা একজন সন্ত্রাসী আমাদের দিকে এগিয়ে আসে এবং আমার পাশে শুয়ে থাকা ব্যক্তির মাথায় গুলি করে।"- সেদিনের ভয়াবহ অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে বারবার শিউড়ে উঠেছেন দেবাশীষ।

এরপর একজন সন্ত্রাসী তাঁর দিকে এগিয়ে আসে এবং অধ্যাপককে জিজ্ঞাসা করে তিনি কী করছেন? তখন দেবাশীষ ভট্টাচার্য আরও জোড়ে জোড়ে কলেমা পড়তে শুরু করেন। এরপর সেই সন্ত্রাসী চলে যায়। সময় নষ্ট না করে অধ্যাপক এবং তাঁর পরিবার ঘটনাস্থল থেকে পালাতে থাকেন। ঘোড়ার ক্ষুরের চিহ্ন দেখে প্রায় ২ ঘন্টা হেঁটে অন্য এক আরোহীর সঙ্গে তারা অবশেষে হোটেলে ফিরে আসে। সংবাদমাধ্যমের সামনে কাঁপা কাঁপা কণ্ঠে দেবাশীষ বলেন, "আমি এখনও বিশ্বাস করতে পারছি না যে আমি বেঁচে আছি।"

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

এই সময় মানুষের জাগতিক সমস্ত শুভ কর্মে সুখ ও সাফল্য আসে। যখন সূর্যতনয় শনিদেব নারী-পুরুষ নির্বিশেষে কারও উপর অপার করুণা করেন তখন তিনি আসেন সোনার চরণে। এই সময় মানুষের ধনে-জনে লক্ষ্মীলাভ, সম্মান যশ অর্থ খ্যাতি ও প্রতিপত্তিলাভ হয়ে থাকে।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# হাই কোর্টে আদালত অবমাননার মামলা ভিত্তিহীন! ২৬ হাজার চাকরি বাতিলে সওয়াল স্কুল শিক্ষাদপ্তরের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



চাকরি বাতিল ইস্যুতে আদালত অবমাননার মামলা ভিত্তিহীন। হাই কোর্টে এমনই দাবিতে সওয়াল করল স্কুল শিক্ষাদপ্তর। পরবর্তী শুনানিতে আবেদনকারীকেই এবিষয়টা স্পষ্ট করতে হবে, নির্দেশ কলকাতা হাই কোর্টের। ফলে বলা যায়, সাময়িক স্বস্তিতে স্কুল শিক্ষা দপ্তর ও এসএসসি।যদিও আবেদনকারীদের মধ্যে আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্যর দাবি, যেহেতু নির্দেশের বিষয়বস্তুর উপর ব্যাপক অর্থে কোনও পরিবর্তন হয়নি। কলকাতা হাই কোর্টের রায়ের মূল উদ্দেশ্যে কোনও পরবর্তী সুপ্রিম কোর্ট করেনি, তাই কলকাতা হাই কোর্টে এই মামলা করা যায়। আগামী শুনানিতে এই মামলাকারীদের এসংক্রান্ত তথ্য পেশের নির্দেশ দিয়েছে আদালত।কলকাতা হাই কোর্টের নির্দেশ বহাল রেখেই চলতি মাসের শুরুতেই ২০১৬ সালের এসএসসির প্যানেল বাতিল করে সুপ্রিম কোর্ট।চাকরি হারান ২৬ হাজার শিক্ষক ও অশিক্ষক কর্মী। যদি নির্দিষ্ট কিছু ক্ষেত্রে বদলও করেছিল শীর্ষ আদালত। সুপ্রিম কোর্ট ‘দাগি’ চাকরিহারাদের বেতন ফেরানো-সহ একাধিক নির্দেশ দিয়েছিল। সেই নির্দেশগুলো কেন কার্যকর হচ্ছে না, সেই প্রশ্ন তুলে কলকাতা হাই কোর্টে দায়ের হয়েছিল আদালত অবমাননার মামলা। সেই মামলার শুনানিতে এদিন স্কুল শিক্ষাদপ্তর বলে, চাকরি বাতিলের নির্দেশ বহাল থাকলেও কলকাতা হাই কোর্ট যা যা বলেছিল, তার কিছুটা পরিবর্তন করেছে শীর্ষ আদালত। ফলে মামলা করলে সুপ্রিম কোর্টে করতে হবে বলে দাবি করে তাঁরা।

## নৌ বাহিনীতে দশম ক্ষেপণাস্ত্র এবং গোলাবারুদ বহনক্ষম বার্জ-এর অন্তর্ভুক্তি

**নতুন দিল্লি, ২৩ এপ্রিল, ২০২৫**

মুম্বাইয়ের ন্যাভাল ডকইয়ার্ডে দশম অ্যামুনিশন কাম টর্পেডো কাম মিশাইল – এসিটিসিএম বার্জটিকে অন্তর্ভুক্ত করা হল। ২২ এপ্রিল, এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নৌ বাহিনীর আধিকারিক কোমোডার একেকে রেড্ডি। একটি অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগী সংস্থা মেসার্স সূর্যদীপ্ত প্রজেক্টস প্রাইভেট লিমিটেড-কে এই বার্জগুলি তৈরি করার বরাত দেওয়া হয়েছিল। এই সংস্থাটি ভারতের একটি জাহাজের নক্সা তৈরির সংস্থার সঙ্গে যৌথভাবে বার্জগুলির নক্সা তৈরি করে। পরে সেগুলি বিশাখাপত্তনমের ন্যাভাল সায়েন্স অ্যান্ট টেকনোলজিক্যাল ল্যাবরেটরিতে পরীক্ষা করা হয়। জাহাজ চলাচল সংক্রান্ত ভারতীয় নিয়ামক সংস্থা ইন্ডিয়ান রেজিস্টার অফ শিপিং-এর নিয়ম অনুসারে বার্জগুলি নির্মিত হয়। ‘মেক ইন ইন্ডিয়া’ এবং ‘আত্মনির্ভর ভারত’ কর্মসূচির আওতায় ইতোমধ্যেই ৯টি বার্জ নৌ বাহিনীকে হস্তান্তর করা হয়েছে। বর্তমানে এই সংস্থাটি বরাত পাওয়ার পর চারটি সুলেজ বার্জ তৈরি করছে। এসিটিসিএম বার্জগুলির কারণে ভারতীয় নৌ বাহিনীর বিস্ফোরক পদার্থ পরিবহণে সুবিধা হবে।

## সরকারি ভাষা সংক্রান্ত সংসদীয় কমিটির ভারতীয় সিনেমার জাতীয় সংগ্রহালয় পরিদর্শন

**মুম্বই, ২৩ এপ্রিল, ২০২৫**

সরকারি ভাষা সংক্রান্ত সংসদীয় কমিটির সদস্যরা মঙ্গলবার (২২ এপ্রিল) মুম্বইয়ে ভারতীয় সিনেমার জাতীয় সংগ্রহালয় (এনএমআইসি) এবং জাতীয় চলচ্চিত্র উন্নয়ন নিগম (এনএফডিসি) পরিদর্শন করেন। প্রতিনিধিদলে ছিলেন সাংসদ শ্রী শঙ্কর লালওয়ানি (ইন্দোর লোকসভা), শ্রী হরিভাই প্যাটেল (মেহসানা লোকসভা), শ্রী কুলদীপ ইন্দোরা (গঙ্গানগর লোকসভা), ডঃ সুমের সিং সোলাঙ্কি (রাজ্যসভা), শ্রী জিয়াউর রহমান (সম্বল লোকসভা) এবং কমিটির সচিব শ্রী প্রেম নারায়ণ।

এনএমআইসি-র বিপণন ও জনসংযোগ বিভাগের ম্যানেজার শ্রীমতী জয়িতা ঘোষ এবং ডেপুটি জেনারেল ম্যানেজার ও কিউরেটর শ্রী সত্যজিৎ মান্ডলে সদস্যদের সংগ্রহালয় ঘুরিয়ে দেখান। ভারতীয় সিনেমার ঐতিহ্য রক্ষায় সংগ্রহালয়ের কাজের প্রশংসা করেন সরকারি ভাষা সংক্রান্ত সংসদীয় কমিটির সদস্যরা। তাঁরা ভবিষ্যতে আবার এই সংগ্রহালয় পরিদর্শনের ইচ্ছা প্রকাশ করেন।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২৪ এপ্রিল, জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস উপলক্ষ্যে বিহারের মধুবনী থেকে গ্রামসভাগুলির উদ্দেশে ভাষণ দেবেন

নতুন দিল্লি, ২৩ এপ্রিল, ২০২৫

৭৩তম সংবিধান সংশোধনী আইন ১৯৯২-এর ৩২ বছর পূর্তি উপলক্ষ্যে ২৪ এপ্রিল, দেশজুড়ে জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস উদযাপন করা হবে। ১৯৯২ সালের এই আইন অনুসারে পঞ্চায়েতগুলিকে গ্রামাঞ্চলে স্বশাসিত সংস্থা হিসেবে সাংবিধানিক মর্যাদা দেওয়া হয়। বিহারের মধুবনী জেলায় ঝাঁঝরপুর ব্লকে লোহনা উত্তর গ্রামপঞ্চায়েতে মূল অনুষ্ঠানটি হবে। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী উপস্থিত থাকবেন। তিনি পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠানগুলি এবং গ্রামসভাগুলির উদ্দেশে ভাষণ দেবেন। এছাড়াও জাতীয় পঞ্চায়েত পুরস্কার ২০২৫ প্রদান করা হবে। গ্রামোন্নয়ন মন্ত্রক, আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রক, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক, বিদ্যুৎ মন্ত্রক, রেল মন্ত্রক এবং সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রক – এই ৬টি মন্ত্রকের সঙ্গে একযোগে এবছর জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস উদযাপন করা হবে। সম্পূর্ণ সরকারি উদ্যোগে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করাই এর মূল উদ্দেশ্য। প্রধানমন্ত্রী এই উপলক্ষ্যে একগুচ্ছ পরিকাঠামো সংক্রান্ত এবং কল্যাণমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে রয়েছে এলপিজি বটলিং প্ল্যান্ট, বৈদ্যুতিকীকরণের বিভিন্ন প্রকল্প, আবাসন প্রকল্প এবং রেল ও সড়ক পরিকাঠামো নির্মাণ। এই প্রকল্পগুলির বাস্তবায়নে ব্যয় হবে প্রায় ১৩ হাজার ৫০০ কোটি টাকা। জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আবাসন যোজনা গ্রামীণ ও নগরের আওতায় আর্থিক সহায়তা প্রদান করা হবে। এছাড়াও দীনদয়াল অন্ত্যোদয় যোজনা – জাতীয় গ্রামীণ জীবিকা মিশন-এর আওতায় সুবিধা প্রাপকদের সহায়তা করা হবে। এই প্রকল্পগুলি বাস্তবায়িত হলে বিহার সহ ভারতের গ্রামাঞ্চলে যোগাযোগ ব্যবস্থা, পরিষেবা এবং বিভিন্ন আর্থিক ক্ষেত্রের মানোন্নয়ন ঘটবে।

জাতীয় পঞ্চায়েত পুরস্কারের আওতায় ক্লাইমেট অ্যাকশন স্পেশাল পঞ্চায়েত অ্যাওয়ার্ড, আত্মনির্ভর পঞ্চায়েত স্পেশাল অ্যাওয়ার্ড এবং পঞ্চায়েত ক্ষমতা নির্মাণ সর্বোত্তম সংস্থান পুরস্কার প্রদান করা হবে। জলবায়ু পরিবর্তনের ফলে উদ্ভূত সমস্যার সমাধান, আর্থিকভাবে স্বনির্ভর হওয়া এবং দক্ষতা বিকাশের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে যারা, সেই পঞ্চায়েতগুলিকে এদিন পুরস্কৃত করা হবে। বিজয়ীরা মূলত বিহার, আসাম, ওড়িশা, মহারাষ্ট্র, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ, তেলেঙ্গানা এবং কেরালার। এর মধ্যে বিহারের মোতীপুর, মহারাষ্ট্রের দাওয়া এস এবং ওড়িশার হাতবাদ্রা গ্রাম পঞ্চায়েতের প্রধানের দায়িত্ব পালন করছেন মহিলারা।

## বৈদ্যুতিক নীতির বিরুদ্ধে আন্দোলনের প্রস্তুতি নিচ্ছে অটো-ট্যাক্সি ইউনিয়নগুলি

নয়াদিল্লি, ২২ এপ্রিল ২০২৫ (এজেন্সি)

দিল্লির অটো-ট্যাক্সি ইউনিয়নগুলি ইতিমধ্যেই বৈদ্যুতিক নীতি বাস্তবায়নের সরকারের ইঙ্গিতের বিরুদ্ধে আন্দোলনের প্রস্তুতি শুরু করেছে।

এই প্রসঙ্গে, শ্রমিক দিবস উপলক্ষে ১ মে রাজধানীর দীনদয়াল উপাধ্যায় মার্গে গান্ধী শান্তি প্রতিষ্টানে আজাদ হিন্দ অটো ট্যাক্সি ড্রাইভার ইউনিয়নের নেতৃত্বে বিভিন্ন ইউনিয়ন এবং নাগরিক সংগঠনের একটি সভা ডাকা হয়েছে।

এই বিষয়ে তথ্য প্রদান করে ইউনিয়নের প্রতিষ্ঠাতা সভাপতি সুশীল কুমার ঝা বলেন, কেন্দ্রীয় এবং দিল্লি সরকার এই ধরণের নীতি এনে অটো এবং ট্যাক্সি ড্রাইভারদের ধ্বংস করতে চায়। এই বিষয়ে আলোচনা করার জন্য এই সভা ডাকা হয়েছে। এই সভায় আন্দোলনের রূপরেখা বিস্তারিত আলোচনা করা হবে। এল.এস.

## কাশ্মীরে পর্যটক এবং জঙ্গি হামলায় ক্ষতিগ্রস্তদের জন্য দ্রুত পদক্ষেপ বিমান পরিবহণ মন্ত্রী রাম মোহন নাইডুর

নতুন দিল্লি, ২৩ এপ্রিল, ২০২৫

কাশ্মীরে ভয়াবহ জঙ্গি হামলার পরিপ্রেক্ষিতে পর্যটকদের সুরক্ষা ও ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে দ্রুত পদক্ষেপ নিয়েছেন অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী শ্রী রাম মোহন নাইডু।

শ্রী নাইডু নিজে স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে কথা বলেন এবং পরিস্থিতির ওপর সর্বক্ষণ নজর রেখে চলেছেন। তাৎক্ষণিক ব্যবস্থা হিসেবে শ্রীনগর থেকে দিল্লি এবং মুম্বইয়ের দুটি করে বিমানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া, অতিরিক্ত বিমানও তৈরি রাখা হয়েছে।

শ্রী নাইডু সবক'টি উড়ান পরিবহণ সংস্থার কর্তাদের সঙ্গে জরুরি বৈঠকও করেন এবং বিমান ভাড়া বৃদ্ধি নিয়ে কড়া হুশিয়ারিও দেন। বিমান সংস্থাগুলিকে নিয়মিত ভাড়া বহাল রাখার নির্দেশ দেওয়া হয়েছে। মৃত পর্যটকদের দেহগুলি পরিজনরা যাতে নির্বিঘ্নে তাঁদের গন্তব্যে নিয়ে যেতে পারেন, সেজন্য সমস্তরকম সহযোগিতা করতে উড়ান সংস্থাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

(২ পাতার পর)

## কেন্দ্র বাংলায় মমতা সরকারকে অস্থিতিশীল করার চেষ্টা করছে: ঝা

এই ঘটনার একটি অংশ থেকে পাহাড় তৈরি করেছে।

তিনি বলেন যে পশ্চিমবঙ্গের মমতা সরকার জাতি ও ধর্মের ঊর্ধ্বে উঠে ধারাবাহিক উন্নয়নের কাজে নিযুক্ত এবং রাজ্য ক্রমাগত অগ্রগতির পথে রয়েছে। তিনি বলেন যে ২৭ বছরের বাম শাসন কৃষিপ্রধান বাংলাকে দরিদ্র করে তুলেছে। শিল্প ইউনিটগুলিকে পুনরুজ্জীবিত করার চেষ্টা করা হচ্ছে।

এক প্রশ্নের জবাবে মিঃ ঝা বলেন যে পৃথক মিথিলা রাজ্যের দাবি পুরনো। একটি পৃথক রাজ্য গঠনের ফলে সেখানে উন্নয়ন ঘটবে। কেন্দ্রের উচিত এই দিকে উদ্যোগ নেওয়া। এল.এস.

# সিনেমার খবর

## শরিফুলের সঙ্গে মিলছে না আঙুলের ছাপ, সাইফ-কাণ্ডে নতুন মোড়

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



বলিউড অভিনেতা সাইফ আলী খানের উপর হামলা কাণ্ডের মূল অভিযুক্ত শরিফুল ইসলাম। একাধিক সাক্ষ্য ও তথ্যপ্রমাণ পেশ করে তার জামিনের আবেদন নাকচ করার আবেদন জানিয়েছে মুম্বাই পুলিশ। তবে চাঞ্চল্যকর নতুন তথ্য সামনে এলো মঙ্গলবার। শোনা যাচ্ছে, অভিনেতার আবাসন থেকে পাওয়া কিছু আঙুলের ছাপের সঙ্গে মিলছে না অভিযুক্ত শরিফুলের আঙুলের ছাপ!

অভিযুক্তের আঙুলের ছাপের ২০টি নমুনা সিআইডির ফিঙ্গারপ্রিন্ট ব্যুরোতে পাঠানো হয়েছিল। যার মধ্যে ১৯টি নমুনা অভিযুক্তের সঙ্গে মেলেনি। খবর প্রকাশ্যে আসতেই নতুন গুঞ্জন, তা হলে কি শরিফুল আদৌ সাইফ-কাণ্ডের সঙ্গে যুক্ত ছিল কিনা?

এদিকে পুলিশ সূত্রে জানা গেছে, অভিনেতার বাথরুমের হাতল, আলমারির হাতল, দরজার হাতল-সহ একাধিক জায়গা থেকে আঙুলের যে ছাপ পাওয়া গেছে তার সঙ্গে শরিফুলের আঙুলের ছাপের মিল নেই। এ ভাবে ২০টি আঙুলের ছাপের মধ্যে ১৯টি-ই নাকি মেলেনি! কেবল আটতলার ঘর থেকে পাওয়া আঙুলের ছাপের সঙ্গে মিলেছে অভিযুক্তের আঙুলের ছাপ।

পুলিশের দাবি, বাকি জায়গার হাতলে অভিযুক্তের পাশাপাশি অন্যরাও হাত রেখেছিলেন। অভিযুক্তের আঙুলের ছাপের উপরেই পড়েছে সেই ছাপগুলো। ফলে, মুছে গিয়েছে শরিফুলের আঙুলের ছাপ।

তাদের দাবি, এই ধরনের অমিল অনেক তদন্তেই ঘটে থাকে। সাধারণত, হাজার জনের মধ্যে একজনের ছাপ মিলে যায়। তবে আটতলার ঘর থেকে পাওয়া আঙুলের ছাপই প্রমাণ করে দিচ্ছে, আততায়ী অভিনেতার বাড়িতে উপস্থিত ছিলেন।

৮ এপ্রিল বান্দ্রার মেট্রোপলিটন আদালতে হাজার পাতার চার্জশিট জমা দিয়েছিল মুম্বাই পুলিশ। সেই চার্জশিট শুক্রবার সংবাদমাধ্যমের হাতে আসে। জানা গেছে, ঘটনার তদন্তে পুলিশের কাছে ১১১ জন সাক্ষী দিয়েছিলেন। বয়ান রেকর্ড করা হয় ৪৮ জনের।

## সপরিবারে সালমানকে হত্যার ছক! দুষ্কৃতীদের নজরে তার গাড়িও

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



আবারও প্রাণনাশের হুমকি পেলেন বলিউড সুপারস্টার সালমান খান। এবার তাকে সপরিবারে হত্যার হুমকি দেওয়া হয়েছে। শুধু তাই নয় তার বাড়ি-গাড়িও উড়িয়ে দেওয়ার হুমকি এসেছে।

সোমবার (১৪ এপ্রিল) মুম্বাইয়ের ওরলি পরিবহন বিভাগের হোয়াটসঅ্যাপ নম্বরে এমন হুমকির একটি বার্তা পাঠানো হয়।

বার্তায় লেখা, অভিনেতার গাড়িতে বোমা রাখা আছে। পাশাপাশি তার বাসভবন গ্যালাক্সি অ্যাপার্টমেন্টেও হামলা চালাবে দুষ্কৃতিকারীরা।

সংবাদমাধ্যম সূত্রে খবর, হুমকি বার্তায় আরও জানানো হয়েছে, একাধিক দুষ্কৃতি সালমানের বাড়িতে ঢুকে তার বাড়ি এবং গাড়ি উড়িয়ে দেবে। হুমকিবার্তা পাওয়ার সঙ্গে সঙ্গে অজ্ঞাতপরিচয় ব্যক্তিদের বিরুদ্ধে ওয়রলি থানায় মামলা দায়ের করা হয়েছে বলে জানিয়েছে প্রশাসন।

পুলিশের প্রথম সারির একাধিক অফিসার সংবাদমাধ্যমকে নিশ্চিত করেছেন, পুলিশ ইতিমধ্যেই হুমকি বার্তার উৎস খুঁজে বের করে সন্দেহভাজন ব্যক্তিকে গ্রেফতারের জন্য তদন্ত শুরু করে দিয়েছে।

জানা গেছে, সালমান খান বর্তমানে মুম্বাইয়ের বান্দ্রায় অবস্থিত গ্যালাক্সি অ্যাপার্টমেন্টে তার পরিবারের সঙ্গে বসবাস করছেন। এটি সালমানের বিরুদ্ধে গত দুই বছরে পাওয়া পঞ্চম প্রাণনাশের হুমকি। এর আগে, বিষ্ণোই গ্যাংয়ের সদস্যরা সালমানের বাড়িতে গুলি চালিয়েছিল এবং একটি ষড়যন্ত্রের মাধ্যমে তাকে তার পানভেল ফার্মহাউসে হত্যার পরিকল্পনা করেছিল।

লরেন্স বিষ্ণোই গ্যাংয়ের সঙ্গে এই হুমকির যোগসূত্র রয়েছে বলে ধারণা করা হচ্ছে। বিষ্ণোই সম্প্রদায়ের কাছে পবিত্র কৃষ্ণসার হরিণ শিকার করার অভিযোগে সালমানের প্রতি লরেন্স বিষ্ণোই প্রকাশ্যে ঘৃণা প্রকাশ করেছেন। যদিও আদালত ইতোমধ্যে সালমান খানের বিরুদ্ধে কৃষ্ণসার হরিণ শিকারের মামলা খারিজ করে দিয়েছে, তবুও গ্যাংয়ের হুমকি থেমে থাকেনি। মুম্বাই পুলিশ জানিয়েছে, এই হুমকির উৎস ও প্রেরককে খুঁজে বের করতে প্রযুক্তি ও গোয়েন্দা বিভাগের সহায়তায় তল্লাশি চালানো হচ্ছে।

## ব্রিটিশ সরকার ও রাজা চার্লসকে ‘কেসারি ২’ দেখার আহ্বান অক্ষয়ের



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

আগামী ১৮ এপ্রিল মুক্তি পেয়েছে বলিউড অভিনেতা অক্ষয় কুমারের নতুন ছবি ‘কেসারি : চ্যাপ্টার টু’। দেশাত্মবোধক ঘরানার ছবিটির ট্রেলার প্রকাশের পর থেকেই দর্শকদের মধ্যে নিয়ে শুরু হয়েছে উন্মাদনা। এরই মধ্যে ছবিটির প্রচারণা নিয়ে ব্যস্ত সময় পার করছেন অক্ষয়। সেখানে জানান, ছবিটি ব্রিটিশ সরকার ও রাজা তৃতীয় চার্লসের দেখা উচিত।

শুক্রবার প্রচারণায় অংশ নিয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন অক্ষয় কুমার। ১৯১৯ সালের ১৩ এপ্রিল জালিয়ানওয়ালাবাগ গণহত্যার অপ্রকাশিত ঘটনার ওপর ভিত্তি করে নির্মিত সিনেমাটি নিয়ে আশাবাদী অক্ষয় মনে করেন, নিজেদের ভুল বোঝার জন্য ব্রিটিশ সরকার ও কিং চার্লসের এই ছবিটি দেখা উচিত।

সাংবাদিকদের অক্ষয় বলেন, তাদের ক্ষমা চাওয়া উচিত, এমন কিছু বলার জন্য আমি এখানে আসিনি। আমি চাই, তারা অন্তত এই সিনেমাটি দেখুক এবং নিজেদের ভুল বুঝতে পারুক।তাদের মুখ থেকে অন্যান্য কথা নিজে থেকে বেরিয়ে আসবে। আমি চাই ব্রিটিশ সরকার এবং রাজা চার্লস এই ছবিটি দেখুক। তাদের দেখা উচিত কী ঘটিয়েছিল ব্রিটিশরা।

পাশাপাশি ছবিটি ঘিরে রাজনৈতিক বিতর্ক নিয়েও নিজের বক্তব্য তুলে ধরেন বলিউডের খিলাড়িখ্যাত এই অভিনেতা। রাজনৈতিক বিতর্কে না গিয়েই অক্ষয় কুমার জানান, তিনি একজন অভিনেতা এবং এই বিষয়ে কে কী বলছে তাতে তিনি জড়াবেন না। তিনি উল্লেখ করেন যে, তিনি ছবিটি তৈরি করেছেন যাতে মানুষ বুঝতে পারে যে আসলে সেদিন কী ঘটেছিল।

১৯১৯ সালে ঘটে যাওয়া জালিয়ানওয়ালা বাগ-কাণ্ড ভারতের বুকে এক কালো দিন। নিরপরাধ ভারতীদের এই দিন নৃশংসভাবে হত্যা করে তৎকালীন ব্রিটিশ সরকার। গুলি করে ঝাঁজরা করে দেয় তাদের। এই মর্মান্তিক ঘটনার পর ব্রিটিশদের থেকে পাওয়া ‘নাইট’ উপাধি ফিরিয়ে দিয়েছিলেন স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুর।

করণ সিং ত্যাগীর পরিচালনায় ‘কেসারি : চ্যাপ্টার টু’তে সি. শঙ্করন নায়ারের চরিত্রে দেখা যাবে অক্ষয় কুমারকে। অক্ষয়ের সঙ্গে সিনেমাটিতে আরও আছেন আর মাধবান ও অনন্যা পাণ্ডে। ১৮ এপ্রিল মুক্তি পাবে এটি।

# লিগ চ্যাম্পিয়নশিপে দল কিনলেন মদরিচ

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**


লুকা মদরিচ

রিয়াল মাদ্রিদে কিংবদন্তির মর্যাদা পাওয়া লুকা মদরিচ ফুটবলকে এখনও বিদায় বলেননি। তবে ৩৯ বছর বয়সী এই ক্রোয়েশিয়ার তারকা বুঝে গেছেন, মাঠে থাকার দিন আর বেশি নেই। তাই ফুটবলের সঙ্গে দীর্ঘমেয়াদি সম্পর্ক ধরে রাখতেই নাম লিখিয়েছেন ক্লাব মালিকানায়।

ইংল্যান্ডের দ্বিতীয় স্তরের লিগ চ্যাম্পিয়নশিপে খেলা ক্লাব সোয়ানসি সিটির মালিকানা কিনেছেন মদরিচ। যদিও ঠিক কত শতাংশ মালিকানা কিনেছেন, তা এখনও প্রকাশ পায়নি। ক্লাবটির বর্তমান মালিকানায় রয়েছেন আরও কয়েকজন—অ্যান্ডি কোলম্যান, ব্রেট ক্রাভাট, নাইজেল মরিস ও জেসন কোহেন।

একসময় ইংলিশ প্রিমিয়ার লিগ মাতানো সোয়ানসি এখন চ্যাম্পিয়নশিপে ধুঁকছে। চলতি মৌসুমে ৪২ ম্যাচে মাত্র ৫৪ পয়েন্ট নিয়ে অবস্থান করছে টেবিলের ১২তম স্থানে। মার্চে প্রধান কোচ লুক উইলিয়ামসকে বরখাস্ত করার পর এখনও স্থায়ী কোচ নিয়োগ দেয়নি ক্লাবটি। অ্যালেন শিহান আপাতত অন্তর্বর্তীকালীন কোচের দায়িত্ব পালন করছেন।

গত নভেম্বরে ক্লাবের মালিকানায় বড় পরিবর্তন আসে, এরপর থেকে পারফরম্যান্সে কিছুটা ভাটাই দেখা যাচ্ছে। তবে লুকা মদরিচের মতো অভিজ্ঞ একজন ফুটবল ব্যক্তিত্বের আগমন ক্লাবের জন্য আশার সঞ্চার করতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।

এই চ্যাম্পিয়নশিপেই খেলছেন বাংলাদেশি মিডফিল্ডার হামজা চৌধুরী। চলতি বছর মার্চে ভারতের বিপক্ষে বাংলাদেশের জার্সিতে আন্তর্জাতিক ফুটবলে অভিষেক ঘটে তার। বর্তমানে প্রিমিয়ার লিগের দল লেস্টার সিটির হয়ে ধারে খেলছেন শেফিল্ড ইউনাইটেডে। তার দল ৪২ ম্যাচে ৮৩ পয়েন্ট নিয়ে রয়েছে লিগের তৃতীয় স্থানে।

## আইসিসির মাসসেরা ক্রিকেটার আইয়ার


শ্রেয়াস আইয়ার

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

চ্যাম্পিয়ন্স ট্রফিতে দুর্দান্ত পারফরম্যান্সের স্বীকৃতি পেলেন ভারতের ব্যাটার শ্রেয়াস আইয়ার। মার্চ মাসের 'আইসিসি প্লেয়ার অব দ্য মান্থ' পুরস্কার জিতেছেন তিনি। চ্যাম্পিয়ন্স ট্রফিতে তিনটি ইনিংসেই কার্যকর ভূমিকা রাখেন শ্রেয়াস। নিউজিল্যান্ডের বিপক্ষে প্রথম ম্যাচে করেন ৭৯ রান, সেমি-ফাইনালে ৪৫ এবং ফাইনালে আবার নিউজিল্যান্ডের বিপক্ষে করেন ৪৮ রান। ব্যাট হাতে সাফল্যের পাশাপাশি দলের ট্রফি জয়ে ছিল তার বড় অবদান। বিশেষ করে দুবাইয়ের মন্থর উইকেটে তার ইনিংসগুলো ছিল ম্যাচ নির্ধারক। টুর্নামেন্টে ভারতের সফলতম ব্যাটসম্যান ছিলেন তিনিই।

এই পারফরম্যান্সের জন্য শ্রেয়াস পেছনে ফেলেছেন নিউজিল্যান্ডের রাচিন রাভিন্দ্রা ও জ্যাকব ডাফিকে। এর মাধ্যমে দ্বিতীয়বার মাসসেরার স্বীকৃতি পেলেন তিনি। ভারতের এটি টানা দ্বিতীয় মাসের জয়, ফেব্রুয়ারিতে এই পুরস্কার জিতেছিলেন শুবমান গিল।

পুরস্কার জয়ের পর ৩০ বছর বয়সী এই ব্যাটার বলেন, 'এই স্বীকৃতি আমার জন্য খুবই স্পেশাল, কারণ আমরা এমন এক মাসে চ্যাম্পিয়ন্স ট্রফি জিতেছি। সেই অর্জনের অংশ হতে পারাটা আজীবনের গর্ব। সতীর্থ, কোচিং স্টাফ এবং অগণিত সমর্থকদের প্রতি কৃতজ্ঞ—তারা আমাদের প্রতিটি ধাপে এগিয়ে যেতে প্রেরণা দিয়েছেন।'

## আইসিসিতে ফিরলেন সৌরভ গাঙ্গুলী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

আইসিসি মেন্স ক্রিকেট কমিটির প্রধান হিসেবে আবারও পুনঃনিয়োগ পেয়েছেন সৌরভ গাঙ্গুলী। এ ছাড়া প্যানেল সদস্য হিসেবে নিজের জায়গা ধরে রেখেছেন আরেক ভারতীয় সাবেক ক্রিকেটার ভিভিএস লক্ষ্মণ। আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) এক বিবৃতিতে এই তথ্য নিশ্চিত করেছে।

২০০০-০৫, এই পাঁচ বছর ভারতীয় জাতীয় দলকে নেতৃত্ব দিয়েছেন সৌরভ গাঙ্গুলী। ২০২১ সালে তিনি প্রথম এই কমিটির প্রধান হিসেবে নিয়োগ পেয়েছিলেন। ৫২ বছর বয়সী গাঙ্গুলী সতীর্থ অনিল কুম্বলের স্থলাভিষিক্ত হয়েছেন। তিন বছরের দায়িত্ব শেষে কুম্বলে তার পদ থেকে সড়ে দাঁড়ান।

গাঙ্গুলী ও লক্ষ্মণ ছাড়াও এই কমিটিতে আরও আছেন


সৌরভ গাঙ্গুলী

আফগানিস্তানের সাবেক খেলোয়াড় হামিদ হাসান, ওয়েস্ট ইন্ডিজের ব্যাটিং তারকা ডেসমন্ড হেইন্স, দক্ষিণ আফ্রিকার টেস্ট ও ওয়ানডে অধিনায়ক টেম্বা বাভুমা এবং ইংল্যান্ডের সাবেক ব্যাটার জোনাথন ট্রট।

এদিকে আইসিসি উইমেন্স ক্রিকেট কমিটির প্রধানের দায়িত্ব পেয়েছেন নিউজিল্যান্ডের সাবেক অফ-স্পিনার ক্যাথেরিন ক্যাম্পবেল। এই কমিটিতে আরও আছেন সাবেক অস্ট্রেলিয়ান খেলোয়াড় আভ্রিল ফাহে ও ক্রিকেট সাউথ আফ্রিকার ফোলেটসি মোসেকি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR